

২ লাখ দর্শক : ১০ কোটি টাকা বিক্রি

জমজমাট কম্পিউটার মেলা সমাপ্ত

স্টাফ রিপোর্টার : ব্যাপক দর্শক সমাগমের মধ্য দিয়ে সোমবার রাজধানীর আগারগাঁও কম্পিউটার সিটিতে ১১ দিনব্যাপী জমজমাট কম্পিউটার মেলা শেষ হয়েছে। ১১ দিনের এই মেলায় প্রায় ১০ কোটি টাকার কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রাংশ বিক্রি হয়েছে বলে জানা গেছে। গতকাল মেলার শেষদিন ছিল দর্শকদের প্রচণ্ড ভীড়। এদিন প্রায় ২৫ হাজার ক্রেতা-দর্শক মেলায় আসে। গতকাল মেলার শেষ দিনে কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রাংশ বিক্রিও হয়েছে প্রচুর। শেষ দিনে আত্মহী ক্রেতাদের বিশেষ কমিশনে ব্যাপক হারে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী কিনতে

দেখা যায়। এবারের মেলায় উচ্চ-মধ্যবিত্ত শ্রেণীর লোকজনকে প্রায় ৩০ হাজার টাকায় পেন্ডিয়াম ফোর মানের কম্পিউটার (সেলেরন) ও মধ্যবিত্ত শ্রেণীর লোকজনকে ইন্টেলের সেলেরন প্রসেসরের সমন্বয়ে মাল্টিমিডিয়া কম্পিউটার কিনতে দেখা গেছে সবচে' বেশী। মেলায় সর্বাধিক বিক্রীত নানারকম কম্পিউটার যন্ত্রাংশের মধ্যে ছিল ১৬ থেকে ১৮ হাজার টাকা মূল্যের বড় স্ক্রিনের ফ্ল্যাট মনিটর, ৩ থেকে ৫ হাজার টাকা মূল্যের বিভিন্ন কোম্পানীর স্ক্যানার ও প্রিন্টার, সাড়ে ৩ থেকে সাড়ে ৫ হাজার টাকা মূল্যের ডিজিটাল ক্যামেরা, ৪

৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

কম্পিউটার মেলা সমাপ্ত

প্রথম পৃষ্ঠার পর

থেকে ৫ হাজার টাকা মূল্যের সিডি রাইটার, ৫শ' টাকা থেকে ৬/৭ হাজার টাকা মূল্যের সারাউন্ড সাউন্ড সিস্টেম, হোম থিয়েটার, উফার ও সাব-উফার প্রযুক্তিসমৃদ্ধ বিভিন্ন কোম্পানীর স্পীকার, ৫শ' টাকা থেকে ২ হাজার টাকা মূল্যের এক্সটার্নাল ও ইন্টার্নাল ফ্ল্যাশ মুভেম, ১৬-১২৮ মেগাবাইট মেরোরিসমৃদ্ধ হাতে বহনযোগ্য 'পেন-ড্রাইভ' এবং ফোন মাউস, ভাঁজ করা যায় এমন কী-বোর্ড, ইয়ারফোন মাইক, ওয়্যারলেস হেডফোন, বিভিন্ন সিডি ইত্যাদি। মেলায় আসা উল্লেখযোগ্য শিশুতোষ দেশী মাল্টিমিডিয়া সিডি'র মধ্যে হাট্টিমা টিম, ফোকস ফিউচার ওয়ার্কসের 'আজ আমাদের ছুটি', নবীন্দ্র সিডি, দেশী কম্পিউটার গেমসের মধ্যে 'ঢাকা রেসিং', 'অরুণোদয়ের অগ্নিশিখা' প্রভৃতি দর্শকদের প্রশংসা কুড়াতে সক্ষম হয়। বাংলা ভার্সন সম্বলিত গেমসের সিডিসহ অন্যান্য সিডি ব্যাপক বিক্রি হয়েছে। মেলায় প্রতিদিনই বিষয়ভিত্তিক আলোচনা সভা এবং নানা কুইজ পর্ব অনুষ্ঠিত হয়। এবারের মেলায় প্রায় ২ লাখ দর্শনার্থী আসেন বলে আয়োজকরা জানিয়েছেন। এর মধ্যে টাকার ৯০টি কুলের শিক্ষার্থীরাই ছিল সর্বাধিক। মেলায় মূল স্পন্সর ছিল বিশ্বখ্যাত ইলেক্ট্রনিক্স সামগ্রী নির্মাতা প্রতিষ্ঠান 'স্যামসাং'। মেলায় এবার কেন্দ্রীয়ভাবে কুপনের ব্যবস্থাও ছিল। যে কোন কম্পিউটার সামগ্রী কিনলেই এই কুপন দেয়া হয়। মেলা শেষে এসব কুপন নিয়ে পরিচালিত র্যাফেল ড্রয়ের মাধ্যমে ১০ জন ভাগ্যবান ক্রেতাকে পুরস্কৃত করা হয়। এসব পুরস্কারের মধ্যে রয়েছে ৫৩ ইঞ্চি টেলিভিশন, ওয়াশিং মেশিন, রেফ্রিজারেটর, ফ্রিজ ইত্যাদি। এছাড়া মেলায় অংশগ্রহণকারী দেড় শতাধিক কোম্পানী তাদের বিক্রীত পণ্যের ওপর প্রিন্টার, সিডি রাইটার, হোম থিয়েটার, টেলিভিশন, ওডেন, ক্যামেরা, ওয়াশিং মেশিন, মোবাইল ফোন, ইউপিএস, ঘড়ি, টি-শার্ট ইত্যাদি উপহার এবং বিশেষ মূল্য ছাড় দেয়। মেলা শেষে আজ ও আগামীকাল বিসিএস কম্পিউটার সিটিতে দু'দিন সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।